কৈফিয়ত তলব করিলাম

তারিখ ...
পৃষ্ঠা ... কলাম ...

NOV. 15 2002

# বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড
## বখশি বাজার, ঢাকা-১২১১

নং-কমন/৩২১/রেজিঃ

তারিখ ঃ ১৪-১১-২০০২

# ফাযিল ও কামিল শ্রেণীতে সংশোধিত ভর্তির বিজ্ঞপ্তি

বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ডের স্বীকৃতি ও অনুমতিপ্রাপ্ত সকল ফাযিল ও কামিল মাদরাসা প্রধানগণকে জানান যাচ্ছে যে, ২০০২-২০০৩ শিক্ষাবর্ষে (২০০৪ সালের পরীক্ষার্থী) ফাযিল ও কামিল ১ম বর্ষে ভর্তিচ্ছুক ছাত্র-ছাত্রীদের ভর্তি ও নাম রেজিস্ট্রেশনের জন্য নিম্নবর্ণিত নিয়মানুসারে টটলিস্ট ও রেজিস্ট্রেশন ফি জমাদানের জন্য অনুরোধ করা যাচ্ছে।

## ভর্তির নিয়মাবলী

(১) বিলম্ব ফি ছাড়া ২৮-১১-২০০২ তারিখ পর্যন্ত ভর্তি করা যাবে এবং ব্যাংক ড্রাফট করতে হবে।
(২) বিলম্ব ফিসহ ১৯-১২-২০০২ তারিখ পর্যন্ত ভর্তি করা যাবে এবং রেজিঃ ও ভর্তি বিলম্ব ফিসহ ব্যাংক ড্রাফট করতে হবে।
(৩) নির্বাচনী পরীক্ষার মাধ্যমে ভর্তির কার্যাদি সম্পন্ন করতে হবে।
(৪) নম্বরপত্র, রেজিস্ট্রেশন কার্ড ও মাদরাসা প্রধান কর্তৃক ইস্যুকৃত প্রশংসাপত্রের মূল কপি সংরক্ষণ না করে কোনক্রমেই ছাত্র-ছাত্রী ভর্তি করা যাবে না।
(৫) ১৯৯৯ এবং তৎপরবর্তী সালে আলিম/ফাযিল পাস করা ছাত্র-ছাত্রীরা ফাযিল ও কামিল শ্রেণীতে ভর্তির যোগ্য বিবেচিত হবে (১৯৯৯ সাল হতে ২০০১ সাল পর্যন্ত পাস করা ছাত্র-ছাত্রীদের শিক্ষা বিরতি ফি দিতে হবে)। তবে অনুমতিবিহীন মাদরাসায় ছাত্র-ছাত্রী ভর্তি করা যাবে না। যে সকল মাদরাসা ০১-০৭-০২ তারিখ হতে ফাযিল, কামিল ১ম বর্ষ খোলার অনুমতি লাভ করেছে, সে সকল মাদরাসার ছাত্র-ছাত্রীরা নিয়মিত ছাত্র-ছাত্রী হিসেবে ২০০২-২০০৩ শিক্ষাবর্ষে রেজিস্ট্রেশন করতে পারবে।

**ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের (সকল বিভাগ/গ্রুপ Taught list ও রেজিস্ট্রেশন ফি বোর্ডে জমা দেয়ার নিয়মাবলী ঃ**

ক. নিম্নোক্ত ছক অনুযায়ী ১৩ ইঞ্চি ৯ ইঞ্চি সাইজের কাগজে ৩ (তিন) কপি Taught list প্রস্তুত করতে হবে।

মাদরাসার নাম ঃ ........................ কোড নং ........................
গ্রুপ ........................ উপজেলা ঃ ........................ জেলা ঃ ........................

| ১ | ২ | ৩ | | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ক্রমিক নং ভর্তি রেজিস্টার অনুযায়ী | ছাত্র-ছাত্রীর নাম, পিতার নাম, মাতার নাম | পূর্ববর্তী পরীক্ষার বিবরণ | | ভর্তির তারিখ | নৈর্বাচনিক বিষয় কোড | শিক্ষা বিরতি ফি বিলম্ব ফি | রেজিঃ ফি | বিলম্ব রেজিঃ ফি | মন্তব্য |
| | | রোল ও পাসের সন | রেজিঃ ও সেশন | | | | | | |

খ. Taught list-এর ১ (এক) কপি রেজিস্ট্রেশন ফি-এর সাথে বোর্ডে জমা দিয়ে S.I.F গ্রহণ করতে হবে। ১ (এক) কপি পূরণকৃত S.I.F-এর সাথে বোর্ডে প্রেরণ করতে হবে এবং ১ (এক) কপি মাদরাসায় অবশ্যই সংরক্ষণ করতে হবে।
গ. বিলম্ব ফি ছাড়া ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের Taught list, রেজিস্ট্রেশন ফি এবং ডিমান্ড ড্রাফট ২৮-১১-২০০২ তারিখ হতে ১৮-১২-২০০২ তারিখ পর্যন্ত এবং বিলম্ব ফিসহ ৩১-১২-২০০২ তারিখ পর্যন্ত বোর্ডের হিসাব আয় শাখায় জমা দিয়ে জমার রসিদ ও টটলিস্ট রেজিস্ট্রেশন শাখায় দাখিল করে S.I.F গ্রহণ করতে হবে।
ঘ. ২৩-০১-২০০৩ তারিখের মধ্যে পূরণকৃত S.I.F এক কপি Taught list সহ রেজিস্ট্রার, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, বখশি বাজার, ঢাকা-১২১১: ঠিকানায় রেজিস্টার্ড ডাকযোগে অবশ্যই পৌছাতে হবে।
ঙ. কামিল শ্রেণীতে প্রতি গ্রুপের জন্য আলাদা আলাদা টটলিস্ট তৈরি করতে হবে।
ঘ. ফাযিল/কামিল রেজিস্ট্রেশন ফি-এর হার (জনপ্রতি) ঃ

| শ্রেণী | রেজিঃ ফি | ক্রীড়া ফি | রোভার স্কাউট | বিলম্ব রেজি ফি | বিলম্ব ভর্তি ফি | শিক্ষা বিরতি ফি | গ্রুপ ও বিষয় পরিবর্তন |
|---|---|---|---|---|---|---|---|
| ফাযিল | ৩৫/- | ১৫/- | ১০/- | ৭০/- | ৭০/- | ১৪০/- | ৪০/- |
| কামিল | ৫০/- | x | x | ৮০/- | ৮০/- | ১৬০/- | ৪০/- |

ঙ. ডাকযোগে প্রেরিত ড্রাফট ও তালিকা Taught list গ্রহণ করা হবে না।
চ. শিক্ষা বিরতি এবং বিলম্ব ভর্তি ফি একত্রে জমা দিতে হবে। যে সকল ছাত্র-ছাত্রী শিক্ষা বিরতি ও বিলম্ব ভর্তি আছে তালিকায় তাদের নাম লাল কালিতে চিহ্নিত করতে হবে।
ছ. নতুন অনুমতিপ্রাপ্ত মাদরাসার ক্ষেত্রে বোর্ডের অনুমতিপ্রাপ্ত স্মারকের ফটোকপি তালিকার সঙ্গে সংযুক্ত করতে হবে।
জ. রেজিস্ট্রার, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা-এর অনুকূলে আদায়যোগ্য সোনালী ব্যাংকের ডি. ডি. (ডিমান্ড ড্রাফট) ছাড়া অন্য কোন ব্যাংকের ড্রাফট গ্রহণ করা হবে না। ড্রাফটের অপর পৃষ্ঠায় মাদরাসা প্রধানের সীল ও স্বাক্ষর থাকতে হবে।
ঝ. ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের প্রত্যেকের পাসপোর্ট সাইজের ২ (দুই) কপি (টুপি/ওড়না পরিহিত) ছবি মাদরাসায় সংরক্ষণ করতে হবে যা পরবর্তী সময়ে রেজিস্ট্রেশন কার্ডের সঙ্গে সংযোগ করতে হবে।
ঞ. পিতার নামের পূর্বে মৃত, হাজী, আলহাজ্জ, জজ, ব্যারিস্টার, ডঃ-ডাক্তার, মাষ্টার, শিক্ষক, প্রফেসর, অধ্যাপক, অধ্যক্ষ, সুপারঃ, মাওলানা, মৌলভী, হাফেজ, ক্বারী, জনাব, সাহেব, মিস, মিসেস, মোসাম্মৎ, এম. এ./ বি. এ. ইত্যাদি লিখা যাবে না। অর্জিত পদবী ছাড়া পিতার নামের শেষে বংশগত পদবী লেখা যাবে।
ট. গৃহীত S.I.F পূরণের সময়ে অত্যন্ত সতর্কতা অবলম্বন করতে হবে। S.I.F-এর বৃত্ত ভরাটের ফটোকপি ঘষামাজা ও উপরিলিখন সম্পূর্ণ নিষিদ্ধ।
ঠ. বোর্ডের পূর্বানুমতি ব্যতীত মাদরাসা পরিবর্তনের ছাড়পত্র ইস্যু করা যাবে না এবং কোন ছাত্র-ছাত্রীকে ছাড়পত্র ছাড়া ভর্তি করা যাবে না। S.I.F ও টটলিস্ট মাদরাসা শিক্ষা বোর্ডে পাঠানোর পর ছাড়পত্র ইস্যু করা যাবে না।
ড. মাদরাসার আবেদনপত্রে, ছাত্র-ছাত্রীদের তালিকায় এবং বোর্ডের সাথে সব ধরনের যোগাযোগের ক্ষেত্রে মাদরাসার কোড ও সীল ব্যবহার করা বাধ্যতামূলক।
ঢ. ২২-০১-২০০৩ তারিখের পর গ্রুপ ও বিষয় পরিবর্তন করা যাবে না।
ণ. ছাত্র-ছাত্রীদের সকল তথ্য দাখিল পরীক্ষার অনুরূপ হতে হবে।

বিঃদ্রঃ ব্যাংক ড্রাফট যে তারিখেই করা হোক না কেন নির্ধারিত তারিখের মধ্যেই বোর্ডে জমা দিয়ে রসিদ ও S.I.F গ্রহণ করতে হবে।

ডঃ এ. কে. এম ইয়াকুব হোসাইন
রেজিস্ট্রার
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।

পি-২৭০৯/২০০২(১৩"x৩)